

মানবতার সেবায় বাফলার ২০১৭-২০১৯ সালের চ্যারিটি ফান্ডরেইজিং



Date and Time:

Saturday August 26, 2017

News Location:

গার্ডেন সুইট হোটেল এন্ড রিসোর্টের বলরুম, লস এঞ্জেলস, ক্যালিফোর্নিয়া

Details of the News:

নিজস্ব প্রতিবেদক: সমাজ উন্নয়ন ও মানবসেবার প্রত্যয়ে প্রতিষ্ঠিত লস এঞ্জেলস প্রবাসীদের মাদার সংগঠন 'বাংলাদেশ ইউনিট ফেডারেশন অব লস এঞ্জেলস-বাফলা'র চ্যারিটি ডিভিশন 'বাফলা চ্যারিটি'র বার্ষিক ফান্ডরেইজিং ডিনার অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার সন্ধ্যায় স্থানীয় গার্ডেন সুইট হোটেল এন্ড রিসোর্টের বলরুমে আয়োজিত এই অনুষ্ঠানে প্রবাসী কমিউনিটির গণ্যমান্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন প্রবাসী সংগঠনের নেতৃবৃন্দ, বাফলা'র সাবেক ও বর্তমান ক্যাবিনেটের সদস্য, সাংবাদিক ও সমাজকর্মীসহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি উপস্থিত ছিলেন।

ধারাবাহিকভাবে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সংগীত এরপর বাফলা সংগীত দিয়ে সূচিত অনুষ্ঠানের প্রথম পর্ব পরিচালনা করেন বাফলা'র জেনারেল সেক্রেটারি ইঞ্জিনিয়ার শহীদ আলমা তিনি চলতি আগস্ট মাস, আমাদের জাতীয় শোক দিবসের উল্লেখ করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সপরিবারে নিহত হওয়ার কথা স্মরণ করেন, এরপর সম্প্রতি চলে যাওয়া নায়করাজ রাজ্জাক ও লস এঞ্জেলস প্রবাসী স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কণ্ঠযোদ্ধা মনজুর আহমেদের কথা উল্লেখ করে সবাই দাঁড়িয়ে ১ মিনিট নিরবতা পালনের মাধ্যমে তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে বর্তমানে বাংলাদেশের ভয়াবহ বন্যা দুর্গত মানুষের জন্য সমবেদনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাফলার প্রেসিডেন্ট নজরুল আলমা তিনি এই ফান্ডরেইজিং ডিনারে অংশ নেওয়ার জন্য বাফলার সদস্য সংগঠনের প্রতিনিধসসহ উপস্থিত সবার প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। বাফলার সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন। তিনি বাফলার বর্তমান কেবিনেট মেম্বারদের সবার সাথে পরিচয় করিয়ে দেন। প্রেসিডেন্ট নজরুল আলম এসময় বাংলাদেশ ডে প্যারেডকে যথাযথভাবে এবং আরও গর্জিয়াসভাবে উদযাপনের প্রত্যয় ব্যক্ত করেন। অনুষ্ঠানের ফান্ডরেইজিং অংশ পরিচালনা করেন বাফলা চ্যারিটির কো-অর্ডিনেটর শিপার চৌধুরী। তিনি দেশ-বিদেশে বাফলার বিভিন্ন চ্যারিটি কার্যক্রমের কথা উল্লেখ করে আগামী দিনে আরও বেশি সমাজসেবামূলক কাজ করার জন্য সবার প্রতি আহ্বান ও সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, বাফলা চ্যারিটির সব টাকা শুধু চ্যারিটির কাজেই ব্যবহার হয়। অনুষ্ঠান বা অন্যান্য খরচাদি ভিন্ন খাত থেকে খরচ করা হয়। অর্থাৎ চ্যারিটিতে জমা হওয়া টাকা ১০০% চ্যারিটির কাজেই ব্যবহৃত হয়। এবং বাফলা চ্যারিটিতে দানকৃত অর্থ সম্পূর্ণ ট্যাক্সমুক্ত। বাংলাদেশ ডে প্যারেডের কথা উল্লেখ করে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের মতো দেশে দাঁড়িয়ে এরকম একটি প্রোগ্রাম করতে পারা আমাদের জন্য ব্যাপক গর্বের। এখানে আমরা বাংলাদেশের পতাকা উড়িয়ে বিশ্ববাসীর কাছে দেশের পরিচিতি ও ঐতিহ্য তুলে ধরছি। এরপর শিপার চৌধুরী বাফলার সব সদস্য সব সংগঠনের নাম ধরে মঞ্চে ডেকে নেন। প্রতিটি সংগঠন নিজ নিজ অনুদান বাফলা চ্যারিটির ফান্ডে প্রদান করে। এসময় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তা স্ক্রিনে প্রদর্শন করা হয়। স্ক্রিনে অনুদানের ব্যারোমিটারও প্রদর্শন করা হয়। এসময় বক্তারা বাফলার বিভিন্ন উন্নয়ন ও সমাজসেবামূলক কার্যক্রমের প্রশংসা করেন। তারা বাফলা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এক পর্যায়ে এলএ বাংলা টাইমসের সিইও আব্দুস সামাদকে মঞ্চে ডেকে নেন শিপার চৌধুরী। এসময় তিনি বলেন, সম্প্রতি আব্দুস সামাদ দেশে গিয়ে প্রায় এক মাসের মত সময় ব্যয় করে অসহায় প্রকৃত দুজন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে খুঁজে বের করেন। নিজের অর্থায়নে অনুষ্ঠান করে বাফলা'র পুনর্বাসন সহায়তা তাদের হাতে তুলে দেন। সেই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিলেট সিটি করপোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী। তিনি এসময় আব্দুস সামাদকে বিশেষ ধন্যবাদ ও অভিনন্দন জানান।

সবশেষে ডিনার ও স্থানীয় শিল্পীদের গান পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়। উল্লেখ্য, এবারের ফান্ডরেইজিং ডিনারে প্রায় \$35,000.00 ডলার অনুদান সংগৃহীত হয়। এসময় বাংলাদেশের বন্যার্তদের জন্যও ফান্ড সংগ্রহ করা হয়।

এলএবাংলাটাইমস/এলএ/এলআরটি